মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড
(এমজিএমসিএল)
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
মধ্যপাড়া, পার্বতীপুর, দিনাজপুর।
নিরাপত্তা শাখা
Web: www.mgmcl.org.bd

**স্মারক নম্বর:** ২৮.১৭.০০০০.০০০.২২২.২৩.০০০১.২৪.৪১

তারিখ: ২ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
১৭ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: গ্রানাইট স্টোন ডাস্ট (GSD) ব্যবহার করে পরিবেশবান্ধব ব্লক উৎপাদনের লক্ষ্যে HBRI-এর ব্লক প্রোডাকশন ফ্যাসিলিটিসহ কারিগরী সহায়তা প্রদান প্রসঙ্গে।**

মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড (এমজিএমসিএল) বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রনালয়ের, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতাধীণ বাংলাদেশ তৈল গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) এর অধীনস্থ একটি রাষ্ট্রীয় কোম্পানি। এমজিএমসিএল দেশের একমাত্র কঠিন শিলা উৎপাদনকারী প্রতিষ্ঠান এবং শিলা উৎপাদনের উপজাত হিসেবে এখানে উল্লেখযোগ্য পরিমাণ গ্রানাইট স্টোন ডাস্ট (GSD) উৎপাদিত হয়।

এই মূল্যবান উপজাতকে বাণিজ্যিকভাবে ব্যবহারের লক্ষ্যে এর গুণগত মান পরীক্ষার জন্য এমজিএমসিএল হতে 'ডায়াডিক রিসার্চ ইমপ্যাক্টস প্রাইভেট লিমিটেড' (ডায়াডিক)-এর মাধ্যমে কিছু নমুনা আপনার প্রতিষ্ঠানে প্রেরণ করা হয়েছিল। প্রেরিত নমুনা পরীক্ষান্তে হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট (HBRI) পত্র স্বারক নং: ২৫.৪৪.২৬০০.০০০.১৪.০৯০.২৩-১১০; তারিখ: ১৮.০৩.২০২৫ এর মাধ্যমে প্রেরিত পত্র ও গবেষণা প্রতিবেদনে এমজিএমসিএল-এর উৎপাদিত স্টোন ডাস্ট পরিবেশবান্ধব ব্লক তৈরির জন্য সন্তোষজনক, টেকসই ও সাশ্রয়ী যা বাংলাদেশে বাণিজ্যিকভাবে প্রচলন ও নির্মাণ কাজে ব্যবহার করা যেতে পারে উল্লেখ করা হয়েছে।

বর্ণিত পত্র ও গবেষণা প্রতিবেদনের উপর ভিত্তি করে, গবেষণার প্রধান পৃষ্ঠপোষক 'ডায়াডিক রিসার্চ ইমপ্যাক্টস প্রাইভেট লিমিটেড'(ডায়াডিক) এমজিএমসিএল-এর উৎপাদিত স্টোন ডাস্ট দিয়ে পরিবেশবান্ধব ব্লক উৎপাদন প্রকল্পের জন্য প্রয়োজনীয় বিনিয়োগ, ব্লক উৎপাদনের সার্বিক কার্যক্রম পরিচালনা এবং উৎপাদিত পন্য এমজিএমসিএল এর নামে বিপণনে আগ্রহ প্রকাশ করেছে। এছাড়া 'ডায়াডিক রিসার্চ ইমপ্যাক্টস প্রাইভেট লিমিটেড' (ডায়াডিক) পত্রে আরোও উল্লেখ করেছে যে, যেহেতু , HBRI এ গবেষণা কার্যক্রম সম্পন্ন করেছে এবং তাদের নিজস্ব ব্লক প্রোডাকশন ফ্যাসিলিটিসহ পণ্যের গুণগতমান নিশ্চিতকরণের কারিগরী সক্ষমতা আছে ও বর্তমানে ঢাকা ও এর আশপাশ এলাকায় এরূপ পণ্যের ব্যাপক চাহিদা রয়েছে। তাই প্রাথমিক অবস্থায় পাইলট প্রজেক্ট হিসেবে HBRI-এর নিজস্ব ব্লক প্রোডাকশন ফ্যাসিলিটি ব্যবহার করা হলে স্বল্পতম সময়ে প্রকল্পটির উৎপাদন কার্যক্রম শুরু করা সম্ভব হবে।

এমতাবস্থায়, বাণিজ্যিকভাবে স্টোন ডাস্ট (GSD) ব্যবহার করে পরিবেশবান্ধব ব্লক উৎপাদনের মাধ্যমে দেশের নির্মাণ খাতে পরিবেশবান্ধব উপকরণের ব্যবহার বৃদ্ধি এবং খনিজ উপজাতের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে 'ডায়াডিক রিসার্চ ইমপ্যাক্টস প্রাইভেট লিমিটেড' (ডায়াডিক) এর মাধ্যমে এমজিএমসিএল দ্রুততম সময়ে বর্ণিত প্রকল্পের কার্যক্রম শুরু করতে আগ্রহী। আশাকরি উল্লিখিত প্রকল্প গ্রহণ করা হলে উভয় প্রতিষ্ঠানের সুনাম ও আর্থিক সক্ষমতা বৃদ্ধি পাবে এবং দেশের অবকাঠামো উন্নয়নে নতুন দ্বার উন্মোচিত হবে। এ ক্ষেত্রে আপনাদের ব্লক প্রোডাকশন ফ্যাসিলিটিসহ পণ্যের গুণগতমান নিশ্চিতকরণের কারিগরী সুবিধাদি এমজিএমসিএল কে প্রদানের নিমিত্ত উভয় প্রতিষ্ঠানের মধ্যে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর করা প্রয়োজন। তাই এতদবিষয়ে আপনার মতামত কামনা করছি।

"গৃহীত হলো"
প্রশাসন শাখা
হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট
১২০/৩, দারুস-সালাম, মিরপুর ঢাকা।
স্বাক্ষর ঃ...
তারিখ ঃ ২৩/০৭/২৫

১৭-০৭-২০২৫
প্রকৌ. ডি. এম. জোবায়েদ হোসেন
ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব)

মহাপরিচালক
মহাপরিচালক এর দপ্তর, হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট।

স্মারক নম্বর: ২৮.১৭.০০০০.০০০.২২২.২৩.০০০১.২৪.৪১/১ (১)

তারিখ: ২ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
১৭ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে:

১। পরিচালক (পিএসসি), পিএসসি পরিদপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।

১৭-০৭-২০২৫
মোঃ আব্দুল্লাহ-আল-মামুন
উপ-মহাব্যবস্থাপক (মার্কেটিং এন্ড সেলস্)